

আফগানিস্তান ইসলামিক প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট  
পদে নির্বাচিত হওয়ায় ড. আশরাফ  
গনিকে অভিনন্দন জানালেন প্রধানমন্ত্রী

আফগানিস্তান ইসলামিক প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট ড. আশরাফ গনির সঙ্গে ফোনে কথা বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং আফগানিস্তানের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ায় তাঁকে অভিনন্দন জানালেন।

প্রেসিডেন্ট গনির প্রজ্ঞা ও নায়কোচিত ক্ষমতা এবং আফগানিস্তানের ঐক্য, শান্তি ও অগ্রগতির জন্য তাঁর প্রতিশ্রুতি, যা ব্যাপক ভিত্তিতে সরকার গঠন ও শান্তিপূর্ণ রাজনৈতিক পরিবর্তনের জন্য সক্রিয় হয়েছে, তার প্রশংসা করেন প্রধানমন্ত্রী। হিংসা ও সন্ত্রাসবাদকে হারিয়ে যেভাবে আফগানিস্তানের মানুষ ও রাজনৈতিক নেতারা গণতন্ত্রের প্রতি বিশ্বাস রেখেছেন, সে-জন্য তাঁদের প্রতি শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী।

আন্তর্জাতিক অভিজ্ঞতা, তৃণমূলস্তরীয় জ্ঞান এবং আফগানিস্তানের প্রতিটি জেলা ঘুরে প্রেসিডেন্ট গনি যে দক্ষতা সঞ্চয় করেছেন, তা আফগানিস্তানের অর্থনৈতিক সংস্কার এবং উন্নয়নের জন্য বিশেষ কার্যকর হবে বলে আশা প্রকাশ করেন প্রধানমন্ত্রী। ভারতের বিভিন্ন অঞ্চলের উন্নয়নের জন্য প্রেসিডেন্ট গনির অভিজ্ঞতা বিশেষ উপকারি হবে বলে আশা প্রকাশ করেন তিনি।

প্রধানমন্ত্রী মোদি বলেন, একটি শক্তিশালী, স্থিতিশীল, শান্তিপূর্ণ, গণতান্ত্রিক, ব্যাপক ও সমৃদ্ধশালী রাষ্ট্র হিসাবে গড়ে তুলতে ভারত বন্ধু এবং সহযোগি হিসাবে প্রতিটি ক্ষেত্রে তার সরকারের পাশে থাকবে।

প্রধানমন্ত্রী বলেন, আফগানিস্তানের সঙ্গে প্রাচীনকাল থেকেই ভারতের সাংস্কৃতিক সম্পর্ক রয়েছে। সম্প্রতি কয়েক বছরে

আফগানদের জীবন ও জাতির পুনর্গঠনের সংগ্রাম সেই সম্পর্ককে আরও মজবুত করেছে।

প্রধানমন্ত্রীর অভিনন্দন-চিঠির জন্য তাঁকে গভীর কৃতজ্ঞতা জানিয়েছেন প্রেসিডেন্ট গনি। আফগানিস্তানের কূটনৈতিক ও অর্থনৈতিক ভিত্তি তৈরিতে ভারতের ভূমিকার প্রশংসা করেছেন তিনি। প্রেসিডেন্ট গনি তার নির্বাচনে জয়ের জন্য এবং আফগানিস্তান ও তার সমগ্র অঞ্চলের উপকারী, রূপকার হিসাবে প্রধানমন্ত্রীর প্রশংসা করেন।

শীঘ্রই ভারত সফরের জন্য প্রধানমন্ত্রী মোদির আমন্ত্রণ গ্রহণ করেছেন প্রেসিডেন্ট গনি। এবং দুই সরকারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এবং অর্থনৈতিক উপদেষ্টাদের মধ্যে অবিলম্বে আলোচনা শুরুর প্রস্তাব দিয়েছেন প্রেসিডেন্ট।

নয়াদিল্লি

অক্টোবর ১৫, ২০১৪